# Cinaryl® Plus

Cinnarizine 20 mg + Dimenhydrinate 40 mg

**Description: Cinaryl® Plus** consists of two compounds cinnarizine and dimenhydrinate.

**Mode of action**
Dimenhydrinate, the chlorotheophylline salt of diphenhydramine, acts as antihistamine with anticholinergic properties. Dimenhydrinate exhibits anti-emetic and antivertiginous effects through influencing the chemoreceptor trigger zone (CTZ) in the region of the 4th ventricle. Cinnarizine acts mainly as a vestibular sedative through inhibition of the calcium influx into the vestibular sensory cells. Cinnarizine thus acts predominantly on the peripheral vestibular system.

**Pharmacokinetics:** Dimenhydrinate and cinnarizine are rapidly absorbed from the gastro-intestinal tract.
Cinnarizine is mainly eliminated via the faeces (40-60%) and to a lower extent also in urine. The major route of elimination of dimenhydrinate is in the urine.
Cinnarizine and Dimenhydrinate are extensively metabolised in the liver.
Maximum plasma concentrations (Cmax) of cinnarizine and diphenhydramine are reached in humans within 2 - 4 hours. The plasma elimination half-lifes of both substances range from 4 to 5 hours.

**Composition**
**Cinaryl® Plus Tablet:** Each tablet contains Cinnarizine BP 20 mg & Dimenhydrinate BP 40 mg.

**Indications: Cinaryl® Plus** is indicated for the treatment of vertigo symptoms of various origins.

**Dosage & administration:** Adults: 1 tablet three times daily, to be taken after meals.
Children and adolescents under the age of 18 years: Cinnarizine & Dimenhydrinate is not recommended in children and adolescents under the age of 18 years because there are no data available on the use of Cinnarizine & Dimenhydrinate in this age group.
Elderly: Dosage as for adults. In general, the duration of treatment should not exceed four weeks. The physician shall decide whether longer treatment is required.

**Contraindications:** Dimenhydrinate is completely excreted renally, so should not be used by patients with severe renal impairment. Since both active components are extensively metabolised by hepatic cytochrome P450 enzymes. So should not be used by patients with severe hepatic impairment. Cinnarizine & Dimenhydrinate is contra-indicated in patients with known hypersensitivity to the active substances, diphenhydramine or other antihistamines of similar structure or to any of the excipients.

**Side effects:** The most frequently occurring side-effects are somnolence and dry mouth. These reactions are usually mild and disappear within a few days even if treatment is continued. In addition the following adverse reactions are associated with dimenhydrinate and cinnarizine: paradoxical excitability (especially in children), constipation, weight gain, tightness of the chest, cholestatic jaundice, extrapyramidal symptoms, lupus-like skin reactions etc.

**Use in pregnancy & lactation:** The safety of **Cinaryl® Plus** in human pregnancy has not been established. Dimenhydrinate and cinnarizine are excreted in human breast milk. So should not be taken by women who are breast feeding.

**Precautions: Cinaryl® Plus** does not reduce blood pressure significantly. However it should be used with caution.

**Drug interactions:** The anticholinergic and sedative effects may be potentiated by monoamine oxidase inhibitors. In common with other antihistamines, It may potentiate the sedative effects of CNS depressants including alcohol, barbiturates, narcotic analgesics and tranquillisers. It may also enhance the effects of antihypertensives, ephedrine and anticholinergics such as atropine and tricyclic antidepressants.

**Over dosage:** Symptoms of overdosage include drowsiness, dizziness and ataxia with anticholinergic effects such as dry mouth, flushing of the face, dilated pupils, tachycardia, pyrexia, headache and urinary retention. General supportive measures should be used to treat respiratory insufficiency or circulatory failure. Gastric lavage with isotonic sodium chloride solution is recommended. Sufficient elimination can be achieved by means of haemoperfusion using activated charcoal.

**Storage:** Store in a cool and dry place, protected from light.

**Packaging**
**Cinaryl® Plus Tablet:** Each carton contains 10X10 tablets in blister pack.

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.

# সিনারিল® প্লাস

সিনারিজিন ২০ মিগ্রা + ডাইমেনহাইড্রিনেট ৪০ মিগ্রা

**বিবরণ**
**সিনারিল® প্লাস** এ আছে দুটি উপাদান: সিনারিজিন এবং ডাইমেনহাইড্রিনেট।

**কার্যপদ্ধতি**
ডাইমেনহাইড্রিনেট হচ্ছে ডাইমেনহাইড্রামিনের ক্লোরোথিওফাইলিন লবন যা কোলিনার্জিক রিসেপ্টরে বসার মাধ্যমে এন্টিহিস্টামিনিক কাজ দিয়ে থাকে। এই উপাদানটি ৪র্থ ভেন্ট্রিকলের কেমোরিসেপ্টর ট্রিগার জোনে বসার মাধ্যমে বমিরোধক এবং মাথা ঘোরানো কমায়। সিনারিজিন প্রধানত ভেস্টিবুলার সেনসরি সেলে ক্যালসিয়ামের ইফ্লাকস রোধ করার মাধ্যমে ভেস্টিবুলায় সিডেটিভ হিসাবে কাজ করে। অতএব সিনারিজিন প্রধানত পেরিফেরাল ভেস্টিবুলার সিস্টেমের উপর কাজ করে।

**ওষুধের উপর শরীরের ক্রিয়া (ফার্মাকোকাইনেটিক্স)**
ডাইমেনহাইড্রিনেট এবং সিনারিজিন পাকস্থলীর থেকে দ্রুত শোষিত হয়। সিনারিজিন প্রধানত মলের সাথে (৪০%-৬০%) এবং কম পরিমাণে মূত্রের সাথে শরীর থেকে দূরীভূত হয়। ডাইমেনহাইড্রিনেটের প্রধাণত মূত্রের সাথে বের হয়ে যায়। সিনারিজিন এবং ডাইমেনহাইড্রিনেট এর বিপাক যকৃতে ব্যাপকভাবে হয়। **সিনারিল® প্লাস** মানুষের রক্ত রসে সর্বাধিক ঘনত্বে ২-৪ ঘন্টা সময়ের মধ্যে পৌঁছায়। উভয় যৌগের ক্ষেত্রে রক্তরস বর্জনের অর্ধায়ু ৪-৫ ঘন্টা।

**উপাদান**
**সিনারিল® প্লাস ট্যাবলেট:** প্রতিটি ট্যাবলেটে রয়েছে সিনারিজিন বিপি ২০ মিগ্রা এবং ডাইমেনহাইড্রিনেট বিপি ৪০ মিগ্রা।

**নির্দেশনা**
**সিনারিল® প্লাস** বিভিন্ন ভাবে তৈরী হওয়া মাথা ঘোরার উপসর্গ চিকিৎসায় নির্দেশিত।

**মাত্রা ও প্রয়োগ**
পূর্ণবয়স্ক: ১ টি করে ট্যাবলেট দিনে ৩ বার খাবার পরে খেতে হবে।
শিশু ও এডোলেসেন্ট যাদের বয়স ১৮ বছরের নিচে: **সিনারিল® প্লাস** বাচ্চা ও এডোলেসেন্টদের ক্ষেত্রে নির্দেশিত নয় কারণ এক্ষেত্রে পর্যাপ্ত তথ্য পাওয়া যায়নি।
বয়োবৃদ্ধ: পূর্ণবয়স্কদের মত। সাধারণত চিকিৎসার মেয়াদ চার সপ্তাহের বেশি উত্তীর্ণ হওয়া উচিৎ নয়। ৪ সপ্তাহের চেয়ে বেশি সময় চিকিৎসা দরকার হলে চিকিৎসকের পরামর্শ প্রয়োজন।

**বিরুদ্ধ ব্যবহার** *(যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না)*
ডাইমেনহাইড্রিনেট সম্পূর্ণভাবে মূত্রের সহিত নিসৃত হয়। তাই যাদের মারাত্বক রেনাল ইমপেয়ারমেন্ট আছে তাদের ক্ষেত্রে **সিনারিল® প্লাস** নেওয়া উচিত নয়। যেহেতু **সিনারিল® প্লাস** এর দুটি সক্রিয় উপাদানই ব্যাপকভাবে হেপাটিক সাইট্রোক্রোম পি ৪৫০ এনজাইম দিয়ে মেটাবোলাইজ্ড হয় তাই যেসব রোগীর মারাত্মক হেপাটিক ইমপেয়ারমেন্ট আছে তাদের ক্ষেত্রে **সিনারিল® প্লাস** ব্যবহার করা উচিৎ নয়। যে সকল রোগী এই ওষুধ বা এর যে কোন একটি উপাদানের প্রতি বা অন্য কোন এন্টিহিসটামিনের প্রতি অতি সংবেদনশীল তাদের ক্ষেত্রে **সিনারিল® প্লাস** প্রতি নির্দেশিত।

**পার্শ্বপ্রতিক্রিয়া**
প্রায়শই যে পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায় তা হচ্ছে নিদ্রালুতা এবং শুষ্ক মুখ। চিকিৎসা বহাল থাকা অবস্থায় এই প্রতিক্রিয়াগুলো সাধারণত মৃদু এবং অল্প দিনের মধ্যে চলে যায়। এছাড়াও নিম্নোক্ত পার্শ্ব প্রতিক্রিয়া সিনারিজিন এবং ডাইমেনহাইড্রিনেটে দেখা যায়: প্যারাডক্সিক্যাল একসাইটেবিলিটি (প্রধানত: বাচ্চাদের ক্ষেত্রে), কোষ্ঠকাঠিন্য, ওজন বৃদ্ধি, বক্ষদেশে শক্ত অনুভব করা, কোলেস্ট্যাটিক জন্ডিস, এক্সট্রাপিরামিডাল সিম্পটমস, লুপাস লাইক ত্বকের বিক্রিয়া ইত্যাদি।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার**
গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে সুনিয়ন্ত্রিত গবেষণা পাওয়া যায়নি। স্তন্যদানকালে ডাইমেনহাইড্রিনেট এবং সিনারিজিন মাতৃদুগ্ধে নি:সৃত হয়। তাই স্তন্যদানকালে **সিনারিল® প্লাস** ব্যবহার করা উচিৎ নয়।

**সতর্কতা**
**সিনারিল® প্লাস** রক্তচাপ তাৎপর্যপূর্ণভাবে না কমালেও হাইপোটেনসিভ রোগীদের ক্ষেত্রে এটা সতর্কতার সাথে ব্যবহার করা উচিৎ।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া**
**সিনারিল® প্লাস** এর এন্টিকলিনারজিক ও সিডেটিভ প্রতিক্রিয়া মনোএমাইনো অক্সিডেজ ইনহিবিটর প্রভাবে বেড়ে যেতে পারে। সাধারণত: অন্যান্য এন্টিহিসটামিনের অনুরূপ **সিনারিল® প্লাস** মস্তিষ্ক বিষন্নতা তৈরীকারী যেমন-এলকোহল, বারবিচুরেটস, নারকোটিক বেদনানাশক এবং ট্রাঙ্কুইলাইজারসের প্রতিক্রিয়া বাড়িয়ে দিতে পারে। এছাড়াও সিনারিল প্লাস এন্টিহাইপারটেনসিভস, ইফেড্রিন এবং এন্টিকোলিনারজিকস যেমন-এট্রোপিন এবং ট্রাইসাইক্লিক এন্টিডিপ্রেসেন্টের প্রতিক্রিয়া বাড়িয়ে দিতে পারে।

**মাত্রাধিক্য**
মাত্রাধিক্যের ক্ষেত্রে **সিনারিল® প্লাস** দ্বারা বিষক্রিয়ার লক্ষণসমূহ হচ্ছে তন্দ্রাচ্ছন্ন, মাথা ঘোরা, এবং অসমক্রিয়া সাথে সাথে এন্টিকলিনারজিক প্রতিক্রিয়া যেমন-শুষ্ক মুখ, ডায়ালেটেড পিউপিলস, টাকিকার্ডিয়া, জ্বর-জ্বর ভাব, মাথাব্যথা এবং মূত্র ধরে রাখা দেখা দিতে পারে। রেসপিরেটরি ইনসাফিয়েন্সি এবং সারকুলেটরি ফেইলুরের চিকিৎসার জন্য সাধারন সাপোর্টিভ মেজার্স নিতে হবে। আইসোটনিক দ্রবন দিয়ে গ্যাস্ট্রিক ল্যাভেজ নির্দেশিত। একটিভেটেড চারকোল ব্যবহার করে টনিক হেমোপারফিউসনের মাধ্যমে পর্যাপ্ত নিষ্কাশন করা যেতে পারে।

**সংরক্ষণ**
আলো থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা**
**সিনারিল® প্লাস ট্যাবলেট:** প্রতি কার্টনে ব্লিস্টার স্ট্রিপে আছে ১০x১০ ট্যাবলেট।

427-02

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.